



নির্বাচনকে কেন্দ্র করে অস্থিতিশীলতার ঝুঁকি: টিআইবি



ছবি: সংগৃহীত

ভোটকে সামনে রেখে রাজনৈতিক উত্তেজনা বাড়ছে এবং নির্বাচনবিরোধী তৎপরতার কারণে দেশের জন্য নতুন ঝুঁকি তৈরি হয়েছে বলে সতর্ক করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

রোববার (৮ ফেব্রুয়ারি) আয়োজিত সংবাদ সম্মেলনে সংস্থাটির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, প্রার্থীরা নির্ধারিত ব্যয়সীমা মানছেন না। অনলাইন ও সরাসরি প্রচারণাসহ নির্বাচনের বিভিন্ন পর্যায়ে আচরণবিধি লঙ্ঘনের ঘটনা উদ্বেগজনকভাবে বাড়ছে।

তিনি আরও জানান, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের ক্ষেত্রে নির্বাচন কমিশনের সক্ষমতায় ঘাটতি স্পষ্ট হয়ে উঠছে।

গণভোট প্রসঙ্গে টিআইবি জানায়, নির্বাচন কমিশনের নির্দেশনায় নির্বাচন ও গণভোটকে একই অর্থে উপস্থাপন করা হয়েছে, যা বিতর্কের জন্ম দিয়েছে। এ বিষয়ে সরকার ও কমিশনের ভূমিকা নিয়ে অপ্রয়োজনীয় বিভ্রান্তি তৈরি হয়েছে বলেও মন্তব্য করা হয়।

এছাড়া, আসন্ন গণভোটে ‘হ্যাঁ’ ভোটের পক্ষে নিজেদের অবস্থানও প্রকাশ করেছে টিআইবি।